



বেতনের বিপরীতে/সেলারী ঋণ নীতিমালা

তারিখ ০৪/০৯/২০১৫

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ একটি আর্থিক তথা ঋণ আদান প্রদানকারী প্রতিষ্ঠান। সমিতির আয় বৃদ্ধিকল্পে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত চাকুরীজীবী এবং সদস্য-সদস্যদের নীট আয়ের বিপরীতে ঋণ পরিশোধের সার্মথ্য অনুযায়ী বেতনের বিপরীতে/সেলারী ঋণ বাস্তবায়ন করতে যাচ্ছে।

- ঋণ গ্রহীতাকে এই সমিতির সদস্য হতে হবে এবং নিদিষ্ট ফরমে আবেদন করতে হবে।
- চাকুরীজীবী গন এ ঋণ গ্রহন করতে পারবে।
- ৪৮/৬০ কিস্তিতে ৫ লক্ষ টাকা পর্যন্ত বেতনের বিপরীতে/সেলারী ঋণ প্রদান করা হবে।
- সদস্য হওয়ার ১ বছর পরই এ ঋণ নিতে পারবে।
- বেতনের ১০ গুন যা সর্বোচ্চ ৫ লক্ষ টাকা দেওয়া যাবে।
- বার্ষিক ১২% সুদে এই ঋণ প্রদান করা হবে।
- চাকুরী কমপক্ষে ২ বছর হতে হবে।
- নিজ নামে ব্যাংক একাউন্ট থাকতে হবে এবং ৬ মাসের ব্যাংক স্টেটমেন্ট দিতে হবে।
- ৫৫ বছরের উর্ধ্ব ঋণ প্রদান করা যাবেনা।
- কিস্তি দিতে ব্যর্থ হলে ক্রেডিট হিসেবে সুদ জরিমানা দিতে হবে।
- এ ঋণে সাধারণ ঋণ নীতিমালা অনুযায়ী ঋণ নিরাপত্তা প্রিমিয়াম আদায় করা হবে।
- সুদের উপর রিবেট প্রদান করা হবে।
- ঋণ গ্রহনের পূর্বে আবেদনকারীকে স্বাক্ষরিত ৩ পাতা এম.আই.সি.আর ব্যাংক চেক জমা দিতে হবে।
- আই,ডি কার্ড ও ভিজিটিং কার্ড এর ফটোকপি দিতে হবে।
- এ ঋণের ক্ষেত্রে প্রথম ঋণ অবশ্যই গ্রহন করতে হবে।
- এ ঋণের ক্ষেত্রে জামিনের প্রয়োজন হবেনা।
- যৌথ পরিবারের ক্ষেত্রে যদি কোন সদস্য ডিফল্ট থাকলে এ ঋণের আওতায় আসবেনা।
- আবেদনকারীর অবর্তমানে পরিবারের উপার্জক্ষম কোন সদস্য/সদস্যর অঙ্গীকার নামা আবশ্যিক।
- যদি এই ঋণ পর পর ৬ মাস দিতে ব্যর্থ হয় তবে সমিতি ঋণ আদায় করার জন্য তাকে স্থায়ী অনিয়মিত সদস্য হিসেবে এম.আই.সি.আর চেক ব্যাংকে জমা দিয়ে ঋণ আদায় করার ব্যবস্থা গ্রহন করবে।
- উপরোক্ত নীতিমালা প্রয়োজনে পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিয়োজন সম্পূর্ণ সমিতির এখতিয়ার ভুক্ত।